দৈনিক ইত্তেফাক

২৪/৭/২০০৩

তারিখ ..................
পৃষ্ঠা ...৭... কলাম ...৩...

# বাংলা ডিজিটাল ডিকশনারি

একটা সময় ছিল যখন আমরা শব্দ শিখতাম কাগজের ডিকশনারি ঘেটে এবং একটি শব্দ বের করার জন্য পৃষ্ঠার পর পৃষ্ঠা উল্টাতে হতো। কাজটি ছিল খুবই কষ্টের এবং বিরক্তিকর। এই বিরক্তিকর কাজটিকে কিভাবে সহজ করা যায় এই চিন্তা মাথায় রেখে আমাদের দেশের কিছু তরুণ মেধাবী প্রোগ্রামার ডেভেলপ করেছে বাংলাদেশের এই প্রথম একটি স্বয়ংসম্পূর্ণ ইংলিশ টু বাংলা ডিজিটাল ডিকশনারি। এখন হয়তো আমাদের আর পৃষ্ঠার পর পৃষ্ঠা উল্টিয়ে শব্দ বের করতে হবে না। এই ডিকশনারিতে প্রায় ৪০ হাজারেরও বেশি শব্দ সংযোজন করা হয়েছে। ডিকশনারিটির মধ্যে সবচাইতে যে জিনিসগুলো চোখে পড়ে তার মধ্যে অন্যতম




হলো এর ইন্টারফেস, শব্দ সংযোজন, পার্সোনাল ডিকশনারি ও ছবি সংযোজন।

ডিকশনারিটি সিডি ড্রাইভে ঢুকালে সিডিটি অটো রান হয়ে প্রথমেই আপনাকে ডিকশনারিটি ইনস্টল করার জন্য একটি বার্তা দিবে। ইনস্টল করার পর রান করালে প্রধান ইন্টারফেস আসার পর একটি দরজা খুলেই দেখা যাবে চির পরিচিত এই দেশ আমাদের মাতৃভূমির একটি মানচিত্র। এবার যে কোন শব্দ লিখে এন্টার দিলেই ভেসে উঠবে এর বাংলা অর্থ। যদি শব্দের সাথে কোন ছবি থাকে তাহলে ছবিটিও সাথে সদৃশ্য হবে। আপনি যদি শব্দটির উচ্চারণ শুনতে চান তাহলে নীচের দিকে আছে একটি বাটন। এই বাটনে ক্লিক করে আপনি যে কোন শব্দের উচ্চারণ শুনতে পারবেন। এখন আর আপনাকে হাজারও শব্দের মধ্য থেকে এই শব্দটি খুঁজে বের করতে হবে না। যখনই চান আপনি শব্দটি দেখতে শুধু পার্সোনাল ডিকশনারিটি ওপেন করলেই আপনি আপনার সেইভকৃত শব্দগুলো দেখতে পারবেন। সব মিলিয়ে ডিকশনারিটি সংগ্রহে রাখার মতো।

**কোথায় পাবেন?**

সিডিটি পেতে হলে-স্টেপ-২১০০ কম্পিউটার্স, ১৬, পরিবাগ (হাতিরপুল), ঢাক [illegible]